

20

29 JUN 1996

পৃষ্ঠা: ৩

কলাম: ৪

দৈনিক ইত্তেফাক

সিনেট অধিবেশন ছাড়াই চট্টগ্রাম ভাসিটির বাজেট ঘোষণা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭
অর্থ বৎসরের জন্য ২৮ কোটি টাকার
বাজেট ঘোষণা করা হইয়াছে।
সিনেট সদস্যদের করমেশনের ব্যাপারে
কোর্টে নিষেধাজ্ঞা থাকায় সিনেট
অধিবেশন ছাড়াই গত বুধবার সিও.
(১১শ পৃ: ৩-এর ক: ড:)

সিনেট অধিবেশন (১ম পৃ: পর)

কেট ও ফাইন্যান্স কমিটির সভায়
বাজেট অনুমোদন করা হয়। অনু-
মোদিত বাজেটের মধ্যে ২৬ কোটি
৪৪ লক্ষ ৬৮ হাজার টাকা বিশ্ববিদ্যা-
লয় মঞ্জুরী কমিশন হইতে এবং বাকী
১ কোটি ৫৭ লক্ষ টাকা বিশ্ববিদ্যা-
লয়ের নিজস্ব তহবিল হইতে পাওয়া
যাইবে। বাজেটে ১৯ কোটি ১৯
লক্ষ ৮১ হাজার টাকা শিক্ষকদের
বেতন-ভাতা বাবত খরচ ধরা হই-
য়াছে। ৪ কোটি টাকা উন্নয়ন
কাজে খরচ দেখান হইয়াছে। উন্নয়ন
বাজেটে ২টি নতুন একাডেমিক
ভবন নির্মাণ ও নতুন ছাত্র হলের
অবশিষ্ট কাজ সম্পন্ন করাসহ কতিপয়
প্রস্তাব রাখা হইয়াছে। চট্টগ্রাম বিশ্ব-
বিদ্যালয়ের ভিসি অধ্যাপক রফিকুল
ইসলামের সভাপতিত্বে প্রশাসনিক
ভবনে অনুষ্ঠিত সিওকেট ও ফিন্যান্স
কমিটির সভায় অন্যদের মধ্যে
উপস্থিত ছিলেন প্রো-ভিসি অধ্যাপক
বদিউল আলম, অধ্যাপক আবদুল
হাকিম, অধ্যাপক ইমাম আলী, ডঃ
মইনুল ইসলাম, ডঃ মঞ্জুর মোর্শেদ, ডঃ
সুলতান আহমদ, অধ্যাপক এম, এ
ছালেহ প্রমুখ।